

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ১৮, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

ঢাকা, ২৮ বৈশাখ ১৪২২/১১ মে ২০১৫

নং ২৫.০৩২.১৪.০০.০০.০০৯.২০১৫-৯৯,—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০, তারিখ ২২ জুন ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয়;

অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয় ;

মন্ত্রিসভা কমিটির ২২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ড্যাপের ভূমি ব্যবহার পরিবর্তন সংক্রান্ত নিম্নোক্ত ৬ (ছয়)টি আবেদন পানি নিষ্কাশন কিংবা ওয়াটারবন্ডি সংশ্লিষ্ট বিষয়ে উক্ত আবেদনসমূহে উল্লিখিত ভূমি ব্যবহার শ্রেণি পরিবর্তনের প্রস্তাব Water

(৩২৯৭)

মূল্য ৪ টাকা ৪.০০

Modeling সম্পন্ন করে প্রাপ্ত সুপারিশ প্রতিপালন করেছে এ মর্মে রাজউক কর্তৃক প্রত্যাখ্যিত হওয়া সাপেক্ষে অনুমোদন করা হয়, যা এতদ্বারা প্রকাশ করা হলো:

ক্রমিক নং	আবেদনকারীর নাম/ঠিকানা, জমির মৌজা ও আরএস দাগ নং	বিষয়
(১)	মোছাঃ জাকিয়া খানম গং শহিদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ। মৌজা: পূর্বকান্দর। আরএস দাগ নং ৪২, ৪৩ ও ৪৪।	ড্যাপে চিহ্নিত জমির ভূমি ব্যবহার শ্রেণি Urban Residential Zone এ পরিবর্তন।
(২)	মোঃ নুরুল ইসলাম যমুনা বিল্ডার্স লিমিটেড। মৌজা: কামারপাড়া। আরএস দাগ নং ৯৩।	ড্যাপে চিহ্নিত জমির ভূমি ব্যবহার আবাসিক (Urban Residential Zone) এ পরিবর্তন।
(৩)	মোঃ শাহ আলম হিরন গং মৌজা: জোয়ার সাহারা। আরএস দাগ নং ৩০৩৯।	ড্যাপে চিহ্নিত প্লটের ভূমি ব্যবহার শ্রেণি আবাসিক (Urban Residential Zone) হিসেবে পরিবর্তন।
(৪)	মোঃ ইসমাইল হোসেন গং মৌজা: ইব্রাহিমপুর। আরএস দাগ নং ৫৩৭।	ড্যাপে চিহ্নিত প্লটের ভূমি ব্যবহার শ্রেণি আবাসিক (Urban Residential Zone) এ পরিবর্তন।
(৫)	এস, এম, ফারুকী হাসান চেয়ারম্যান, প্রতিক ডেভেলপমেন্ট লিঃ। মৌজা: মেরাদিয়া আরএস দাগ নং ১৩৭২, ১৩৭৫, ১৩৭৬ ও ২০২৭।	ড্যাপে চিহ্নিত জমির ভূমি ব্যবহার শ্রেণি আরবান রেসিডেন্সিয়াল জোন হিসেবে পরিবর্তন।
(৬)	মোঃ ওয়াহেদুল্লাহ মৌজা: কাফরুল। আরএস দাগ নং ২৬।	ড্যাপে চিহ্নিত প্লটের ভূমি ব্যবহার শ্রেণি আবাসিক (Urban Residential Zone) এ পরিবর্তন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোছাদ্দেক
সিনিয়র সহকারী প্রধান।

বিশেষ দৃষ্টব্য :

ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত ভূমির বিস্তারিত তফসিল ও নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.